ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড(ওজোপাডিকো)

**WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)**
*(An enterprise of BangladeshPower Development Board)*
**www.wzpdcl.gov.bd, e-mail: wzpdcl.md@gmail.com**

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন
বয়রা মেইন রোড, খুলনা-৯০০০

স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.২৭.১১৬.২৩- ২৭২০ তারিখ-২২/১০/২০২৩ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), খুলনা এর আওতাধীন ওজোপাডিকো হাই স্কুল, ওজোপাডিকো, খুলনা-তে কোম্পানির প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে নিম্নে বর্ণিত পদে নিয়োগের জন্য কোম্পানি আইন এবং কোম্পানির চাকুরি বিধি অনুযায়ী কাজ করার মানসিকতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে ওয়েবসাইটে বর্ণিত নির্ধারিত ফরম-এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম, বেতন স্কেল , পদ সংখ্যা ও বয়সসীমা (ওজোপাডিকো'র বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী) | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | প্রধান শিক্ষক ( হাই স্কুল)<br>বেতন স্কেল-৫১,০০০/-<br>পদ সংখ্যা-০১<br>৫০ বছর (উর্ধ্ব বয়সসীমা) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ- তে স্নাতকোত্তর ডিগ্রীসহ বিএড/এমএড।<br>খ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>গ) সরকারী/আধা-সরকারী/স্বীকৃত/প্রাইভেট উচ্চ বিদ্যালয়ে শিক্ষকতায় ১৫ বছরের চাকরির অভিজ্ঞতাসহ সহকারী প্রধান শিক্ষক হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) শিক্ষা বোর্ডের কারিকুলাম এবং পরীক্ষা গ্রহণ পদ্ধতি বিষয়ে ভালো জ্ঞান থাকতে হবে।<br>ঙ) কম্পিউটার ব্যবহারে বাস্তব অভিজ্ঞতা আবশ্যক। |
| ২। | সহকারী শিক্ষক (আইসিটি)<br>বেতন স্কেল-২৫,০০০/-<br>পদ সংখ্যা-০১<br>৩০ বছর (উর্ধ্ব বয়সসীমা) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইঞ্জিনিয়ারিং কলেজ হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ-তে কম্পিউটার সায়েন্স/সিএসই/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রী।<br>খ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>গ) শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৩। | সহকারী শিক্ষক (হাই স্কুল) ভৌত বিজ্ঞান<br>বেতন স্কেল-২৫,০০০/-<br>পদ সংখ্যা-০৬<br>৩০ বছর (উর্ধ্ব বয়সসীমা) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ- তে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বা রসায়ন বা ফলিত রসায়ন বা প্রাণ রসায়ন বা গণিত বা জীব বিজ্ঞান বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক(সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী ।<br>খ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>গ) কম্পিউটার জানা আবশ্যক (এমএস ওয়ার্ড, এক্সেল)।<br>ঘ) শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৪। | সহকারী শিক্ষক (হাই স্কুল)<br>(ব্যবসায় শিক্ষা)<br>বেতন স্কেল-২৫,০০০/-<br>পদ সংখ্যা-০২<br>৩০ বছর (উর্ধ্ব বয়সসীমা) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ- তে হিসাব বিজ্ঞান বা ব্যবস্থাপনা বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক(সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী ।<br>খ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>গ) কম্পিউটার জানা আবশ্যক (এমএস ওয়ার্ড, এক্সেল)।<br>ঘ) শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৫। | জুনিয়র শিক্ষক (হাই স্কুল)<br>বেতন স্কেল-১৮,০০০/-<br>পদ সংখ্যা-০২<br>৩০ বছর (উর্ধ্ব বয়সসীমা) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ-তে বিএসসি/ বিএ/ বিকম ডিগ্রীসহ বিএড।<br>খ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>গ) সমমানের পদে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রাপ্য হবেন।<br>ঘ) কম্পিউটার জানা আবশ্যক (এমএস ওয়ার্ড, এক্সেল)।<br>ঙ) শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**শর্তাবলীঃ**

১.আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৬/১১/২০২৩ তারিখের মধ্যে শুধুমাত্র ওজোপাডিকো'র ওয়েবসাইট (www.wzpdcl.gov.bd) অথবা jobs.wzpdcl.gov.bd-এ Online Application Formপূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে। Online Application Form -এর নির্দিষ্ট স্থানে প্রার্থীর স্বাক্ষর ও ছবি স্ক্যান করে বসাতে হবে।

২.দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Application serial Number-টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

C:\Users\User\Desktop\Advertisement 2023.doc

৩. আবেদনকারীর পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংক লিঃ-এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ- এর অনুকূলে ১ ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০০/- (এক হাজার ) ও ২ হতে ৫ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০০/-( পাঁচশত) টাকা (অফেরৎ যোগ্য) পাঠাতে হবে। টাকা পাঠানোর নিয়মাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪. লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি আহ্বান করা হবে। আহ্বানকৃত দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৫. সরকারী, আধাসরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি, আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের সময় তা স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৬. ক্রমিক নং ১ -এ বর্ণিত পদের ক্ষেত্রে ১৬.১১.২০২৩ তারিখে উর্ধ্ব বয়স সীমা ৫০ বৎসর। ক্রমিক নং ২ হতে ৫ -এ বর্ণিত পদের ক্ষেত্রে ১৬.১১.২০২৩ তারিখে উর্ধ্ব বয়স সীমা ৩০ বৎসর। প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য উর্ধ্ব বয়স ৩২ বৎসর।

৭.চাকুরীতে নিয়োগ বিষয়ে সরকার কর্তৃক কোটা সংক্রান্ত সর্বশেষ আদেশ প্রযোজ্য হবে ।

৮.এই নিয়োগ প্রক্রিয়া চলাকালীন সময়ে শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯.অসম্পূর্ণ আবেদনপত্র বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০.শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।

১১.পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২.কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল এবং এ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩.নিয়োগের বিষয়ে যে কোন ধরণের তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৪.এই বিজ্ঞপ্তি ও আবেদন পত্রের নির্ধারিত ফরম www.wzpdcl.gov.bd ওয়েব সাইট-এ পাওয়া যাবে।

নির্দেশক্রমে,

22/10/23

মহাব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকো, খুলনা।

22/10/23